**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-১৬৩

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

**বিষয় : ৫ম ধাপে পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **২৮ ফেব্রুয়ারি ২০২১** তারিখে **৫ম ধাপে** পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন ও তালিকা সংযুক্ত)। ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৭ ফেব্রুয়ারি ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **২৮ ফেব্রুয়ারি ২০২১** তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(১) ট্রাক (২) পিক আপ

০২। সে সাথে **২৬ ফেব্রুয়ারি ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **০১ মার্চ ২০২১** তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট পৌরসভা এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৭ ফেব্রুয়ারি ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **২৮ ফেব্রুয়ারি ২০২১** তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত বর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সে সাথে **২৬ ফেব্রুয়ারি ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **০১ মার্চ ২০২১** তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ**-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-১৬৩

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ......................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব,................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ................................(সংশ্লিষ্ট) বিভাগ
৯. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ...............................(সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. জেলা প্রশাসক, .........................................(সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৬. পুলিশ সুপার, .........................................(সংশ্লিষ্ট)
১৭. ........................................................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .................(সংশ্লিষ্ট)
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, ..................................(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...............................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, .............................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. উপজেলা নির্বাচন অফিসার,..........................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...........................................(সংশ্লিষ্ট) থানা।

১৪/২/২০২১

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

F:\2020\Paurahaava Election 5th Phase\Pour Vehicle_Letter.doc

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৬৯

তারিখ: ০৫ মাঘ ১৪২৭ / ১৯ জানুয়ারি ২০২১

## প্রজ্ঞাপন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৬৯।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা এতদসংগে সংযোজিত তালিকার বর্ণিত **৩১** টি পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ ফেব্রুয়ারি ২০২১<br>১৯ মাঘ ১৪২৭ | মঙ্গলবার |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ ফেব্রুয়ারি ২০২১<br>২১ মাঘ ১৪২৭ | বৃহস্পতিবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ ফেব্রুয়ারি ২০২১<br>২৮ মাঘ ১৪২৭ | বৃহস্পতিবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৮ ফেব্রুয়ারি ২০২১**<br>**১৫ ফাল্গুন ১৪২৭** | **রবিবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১৯/১/২০২১

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৬৯

তারিখঃ ০৫ ~~পৌষ~~ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, .................................................. (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ............................................................ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ....................... (সংশ্লিষ্ট)
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ................ (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে ইতঃপূর্বের ন্যায় নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল ]
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [রাজনৈতিক দলকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হইল।]
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [ প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হইল।]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ................................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...............................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৮. পুলিশ সুপার, ..................................................(সংশ্লিষ্ট)
১৯. .................................................................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২০. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................................... (সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, .............................................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ...............................(সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................(সংশ্লিষ্ট) থানা।

১৯/০১/২০২১

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮

সংলগ্নী-ক

# পৌরসভা সাধারণ নির্বাচন

## পঞ্চম ধাপে সকল পৌরসভা ইভিএম এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে তার তালিকা

| ক্রম | জেলা | উপজেলা | পৌরসভার নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | রংপুর | কাউনিয়া | হারাগাছ |
| ২. | জয়পুরহাট | জয়পুরহাট | জয়পুরহাট |
| ৩. | বগুড়া | বগুড়া | বগুড়া |
| ৪. | চাঁপাইনবাবগঞ্জ | নাচোল | নাচোল |
| ৫. | রাজশাহী | চারঘাট | চারঘাট |
| ৬. | রাজশাহী | দূর্গাপুর | দূর্গাপুর |
| ৭. | ঝিনাইদহ | মহেশপুর | মহেশপুর |
| ৮. | ঝিনাইদহ | কালীগঞ্জ | কালীগঞ্জ |
| ৯. | যশোর | কেশবপুর | কেশবপুর |
| ১০. | যশোর | যশোর | যশোর |
| ১১. | ভোলা | ভোলা | ভোলা |
| ১২. | ভোলা | চরফ্যাশন | চরফ্যাশন |
| ১৩. | জামালপুর | দেওয়ানগঞ্জ | দেওয়ানগঞ্জ |
| ১৪. | জামালপুর | ইসলামপুর | ইসলামপুর |
| ১৫. | জামালপুর | মাদারগঞ্জ | মাদারগঞ্জ |
| ১৬. | জামালপুর | জামালপুর | জামালপুর |
| ১৭. | ময়মনসিংহ | নান্দাইল | নান্দাইল |
| ১৮. | কিশোরগঞ্জ | ভৈরব | ভৈরব |
| ১৯. | মানিকগঞ্জ | সিংগাইর | সিংগাইর |
| ২০. | মাদারীপুর | শিবচর | শিবচর |
| ২১. | মাদারীপুর | মাদারীপুর | মাদারীপুর |
| ২২. | হবিগঞ্জ | হবিগঞ্জ | হবিগঞ্জ |
| ২৩. | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া |
| ২৪. | চাঁদপুর | মতলব উত্তর | মতলব |
| ২৫. | চাঁদপুর | শাহরাস্তি | শাহরাস্তি |
| ২৬. | লক্ষ্মীপুর | রায়পুর | রায়পুর |
| ২৭. | চট্টগ্রাম | মীরসরাই | মীরসরাই |
| ২৮. | চট্টগ্রাম | মীরসরাই | বারইয়ারহাট |
| ২৯. | চট্টগ্রাম | রাউজান | রাউজান |
| ৩০. | চট্টগ্রাম | রাঙ্গুনিয়া | রাঙ্গুনিয়া |
| ৩১. | গাজীপুর | কালীগঞ্জ | কালীগঞ্জ |
| ৩২. | নীলফামারী | সৈয়দপুর | সৈয়দপুর |